

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৫

আগরতলা, ১০ জুন, ২০২৪

**রাণীরবাজার পুরপরিষদ এলাকার কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা  
সফল ছাত্রছাত্রীদের প্রকৃত মানুষ হিসেবেও বড় হতে হবে : পর্যটনমন্ত্রী**

রাণীরবাজার পুরপরিষদ এলাকার বিদ্যালয়গুলির ছাত্রছাত্রীরা এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় অনেকেই কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। এই ফলাফল এলাকাবাসীকে গর্বিত করেছে। আজ রাণীরবাজার পুরপরিষদের উদ্যোগে গীতাঞ্জলি টাউনহলে এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানের উদ্বোধন করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী বলেন, রাণীরবাজার এলাকার শিশু নিকেতন বিদ্যালয়ের ছাত্র তুষার রুদ্রপাল ও শান্তনু শীল এবছর উচ্চমাধ্যমিক ও মাধ্যমিকে মেধা তালিকায় স্থান পেয়েছে। তাছাড়াও পুর এলাকার অন্যান্য বিদ্যালয় থেকেও ছাত্রছাত্রীরা সাফল্যের সাথে উত্তীর্ণ হওয়ায় পর্যটনমন্ত্রী তাদের অভিনন্দন জানিয়ে বলেন, তাদের সাফল্যের এই ধারাবাহিকতা যেন আগামীদিনেও অক্ষুণ্ন থাকে। তিনি বলেন, শুধু ভালো নম্বর পেলেই হবে না। সফল ছাত্রছাত্রীদের প্রকৃত মানুষ হিসেবেও বড় হতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্ল দাস, জিরানীয়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ্ ধর, রাণীরবাজার পুরপরিষদের উপ কার্যনির্বাহী আধিকারিক শ্যামল দেববর্মা, সমাজসেবী পার্থসারথী সাহা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাণীরবাজার পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস। অনুষ্ঠানে রাণীরবাজার পুরপরিষদ এলাকার ৪টি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ৩৩৫ জন কৃতী ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। তারা প্রত্যেকেই এবছরের উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী কৃতী ছাত্র তুষার রুদ্রপাল ও শান্তনু শীলের হাতে ৫ হাজার টাকার আর্থিক পুরস্কারের চেক তুলে দেন। তাছাড়াও অনুষ্ঠানে রাণীরবাজার পুরপরিষদ এলাকার ৪টি বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদেরও সংবর্ধনা জানানো হয়েছে।

\*\*\*\*\*